

একাদশে চূড়ান্ত ভর্তি শুরু, চলবে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত

অনলাইন ডেস্ক

০৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৫৩ এএম



একাদশ শ্রেণিতে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তি শুরু হচ্ছে আজ। ওয়েবসাইটে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হয়েছে। কলেজগুলো আবেদনের পোর্টালে লগইন করে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ডাউনলোড করতে পারবে। এর আগে গত শুক্রবার রাতে শেষ ধাপের মাইগ্রেশনের ফলাফল প্রকাশ করে ভর্তির কেন্দ্রীয় কমিটি।

আজ রবিবার থেকে নির্বাচিত শিক্ষার্থীরা স্ব স্ব কলেজে গিয়ে ফি জমা দিয়ে চূড়ান্ত ভর্তি হতে পারবেন। এ প্রক্রিয়া চলবে আগামী রবিবার পর্যন্ত। আগামী সোমবার থেকে একাদশ শ্রেণিতে নবাগতদের ক্লাস শুরু হবে।

একাদশে ভর্তির ওয়েবসাইটে পৃথক বার্তায় এসব তথ্য জানানো হয়েছে। ওয়েবসাইটে লগইন করে এ ফলাফল দেখা যাবে। সর্বশেষ বার্তায় বলা হয়েছে, কলেজসমূহ এখন আবেদনের পোর্টালে লগইন করে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ডাউনলোড করতে পারবে। লগইন করে বামদিকের মেন্যুতে 'Download Reports' এ ক্লিক করুন।

ওয়েবসাইটে জানানো হয়েছে, ভর্তির জন্য নির্বাচন ও মাইগ্রেশন ফলাফলের পিডিএফ এখন এ পোর্টালে লগইন করে ডাউনলোড করতে পারবেন। ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তির লক্ষ্যে সর্বশেষ মাইগ্রেশনের ফলাফল প্রকাশিত হয়েছে। ফলাফল দেখতে ভর্তির পোর্টালে লগইন করতে হবে।

অনলাইনের মাধ্যমে ভর্তির লক্ষ্যে তৃতীয় পর্যায়ে নির্বাচন নিশ্চায়নের শেষ সময় ছিল গত বৃহস্পতিবার। তৃতীয় ধাপের আবেদনের ফলাফল প্রকাশ করা হয় গত বুধবার। এর আগে গত সোমবার রাতে আবেদন প্রক্রিয়া শেষ হয়েছে। একাদশের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে (<https://xiclassadmission.gov.bd/>) ভর্তির বিষয়ে বিস্তারিত জানা যাবে।